ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-১০৫১</u>
আগরতলা, ৫ জুন, ২০২৫

## একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের যথেচ্ছ ব্যবহার বন্ধ করতে হবে ঃ রাজ্যপাল




ত্রিপুরা রাজ্যে প্রচুর বনাঞ্চল রয়েছে। রাজ্য সরকারের সঙ্গে রাজ্যবাসীকেও এই বনাঞ্চলকে রক্ষা করার ক্ষেত্রে প্রয়োজনীয় ভূমিকা পালন করতে হবে। আজ রাজভবনে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে আয়োজিত বৃক্ষরোপন অনুষ্ঠানে অংশগ্রহণ করে একথা বলেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু। রাজভবনের সচিব ইউ কে চাকমা সহ অন্যান্য অতিথিগণও এ উপলক্ষে বৃক্ষরোপন করেন।

রাজ্যপাল বলেন, বর্তমানে বিশ্বের বেশিরভাগ বড় শহরগুলি বিভিন্ন ধরণের দূষণের শিকার। এক্ষেত্রে ত্রিপুরা রাজ্যের অবস্থা অনেকটাই ভাল। এই পরিস্থিতি বজায় রাখতে হলে রাজ্যবাসীকেও ভূমিকা গ্রহণ করতে হবে। তিনি বলেন, একবার ব্যবহারযোগ্য প্লাস্টিকের যথেচ্ছ ব্যবহার বন্ধ করতে আবশ্যকীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। পাট, কাগজ জাতীয় ব্যাগের ব্যবহারে সাধারণ মানুষকে উৎসাহিত করতে হবে। রাজভবন থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*****